

শ্রাবণ

রাগঃ মেঘ, ত্রিতাল । দীপক সরকার । আগষ্ট, ২০০১ ।

এমন শ্রাবণ কাটে পথ চাহিয়া, (আমার) ।
মধুর শ্রাবণ এলো ভরসা নিয়া, (আজ) ।

মেঘ এলো, জল দিলো,
মাটি ঘাস প্রাণ পেলো,
নতুন ভাবনা এলো
প্রাণ মন ছাপিয়া ।

ফুলে ফলে ভরে গেলো
বীজে অংকুর এলো
খাল-বিল ভরে গেলো
মাছ-হাস বারতা পেলো ।

নদ-নদী কুল ছাপালো,
চাষের আলে জল গেলো,
শহরে জন্জাট বাড়লো,
গৃহহীন গৃহ হারালো ।